

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০২৭৪

তারিখ: ২৬ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সাভার জাতীয় স্মৃতিসৌধে
পুষ্পস্তবক অর্পণ করেন ইআবি, ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ



আজ ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করেছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। এ উপলক্ষ্যে ভোরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে নিয়ে জাতীয় পতাক উত্তোলন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। পরে সকালে সাভার জাতীয় স্মৃতিসৌধে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মত্যাগকারী সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন মাননীয় ভাইস চ্যান্সেলর। পুষ্পস্তবক অর্পণ শেষে মাননীয় ভাইস চ্যান্সেলর সেখানে শহীদের স্বরণে কিছু সময় নীরবতা পালন করেন। এসময় তার সাথে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর, রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম ও বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগীয় প্রধানগণসহ সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

পরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। মাননীয় ভাইস চ্যান্সেলর বলেন, স্বাধীনতার পূর্ণতা ও মানরক্ষা তখনই করা সম্ভব হবে, যখন সে জাতি তার আত্ম উপলব্ধি কাজে লাগিয়ে সত্যতা ও স্বচ্ছতা বজায় রেখে নিজ নিজ অবস্থানে সঠিকভাবে দায়িত্ব পালন করবে। তিনি বলেন, বঙ্গবন্ধুর অবদানে এ দেশ স্বাধীনতা পেয়েছে, ঠিক তেমনি এ অমূল্য অর্জনকে অক্ষুণ্ন রাখতে এবং সুন্দর একটা দেশ গড়তে আমাদেরও অবদান রাখতে হবে। তিনি বলেন, স্বাধীনতার রক্তাক্ত ইতিহাসের সাথে জড়িয়ে আছে বাঙ্গালির হাজার হাজার আকাঙ্ক্ষা ও সংগ্রামের গল্প। তিনি আরো বলেন, পাক-বাহিনীর শাসন ও শোষণের নির্মমতার এক কালো অধ্যায় ছিলো ১৯৭১ সালের ২৫শে মার্চ, যা স্বাধীনতার ৫৪ বছর উদ্‌যাপন কালেও বাংলার আপমর জনগনকে কাদায়। এ সময় তিনি মহান স্বাধীনতা অর্জনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল মুক্তিযোদ্ধা এবং শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। পরে আলোচনা সভা শেষে মহান মুক্তিযুদ্ধে সকল শহীদের রুহের মাগফেরাক কামনা করে দোয়া করা হয়।

এর আগে, ১৯৭১ সালের ২৫ শে মার্চ রাতে পাক-বাহিনীর নির্মম গণহত্যার কালো অধ্যায়ের স্বরণে বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ২৫ তারিখ দিবাগত রাত ১১টা থেকে ১১.০১ মিনিট পর্যন্ত এক মিনিট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মোমবাতি প্রজ্জ্বলন করে এবং সকল শহীদের রুহের মাগফেরাক কামনা করে দোয়া করা হয়।

স্বাক্ষরিত/-

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।